

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।
www.dwa.palash.narsingdi.gov.bd



স্মারক নং-৩২.০১.৬৮৬৩.০০০.১১.০০১.১৯- ২৬

তারিখঃ ৩১/০২/২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন ডাংগা ইউনিয়ন কিশোর-কিশোরী ক্লাবের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদ সংখ্যা	যোগ্যতা
১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে ১ দিন)	১ জন	এস, এস, সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে আগামী ২৩/০২/২০২২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- ২। শূন্য পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ৩ (তিন) জনের প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পদ শূন্য হলে অনুমোদিত প্যানেল হতে মেধাক্রম অনুসারে নিয়োগ প্রদান করা হবে।
- ৩। প্রার্থীকে পলাশ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলায় যোগ্য প্রার্থী পাওয়া না যায় তাহলে পার্শ্ববর্তী উপজেলার নিকটবর্তীকে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হবে।
- ৪। সরকার নির্ধারিত কোটায় প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ৫। আগামী ২৩/০২/২০২২ তারিখ সংশ্লিষ্ট পদে প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র কন্যার পুত্র-কন্যা, প্রতিবন্ধী ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ (বত্রিশ) বছর। সংশ্লিষ্ট উপজেলায় নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

পাতা-১/২

৬। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্পত্তি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৭। চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।


৮। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে।

৯। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র/ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার অধিকার / ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(ফারহানা আফসানা চৌধুরী, পিএএ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

জনবল নিয়োগ কমিটি

“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প

পলাশ, নরসিংদী।